# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২২
বিষয় ঃ মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র (সৃজনশীল)

পূর্ণমান-৫০

১. লাবিবের বয়স ৯ বছর। তার মামা একজন মনোবিজ্ঞানী। তিনি স্টানফোর্ড বিনে স্কেল প্রয়োগ করে লাবিবের বুদ্ধ্যংক নির্ণয় করেন। লাবিব স্কেলে উল্লেখিত ৮ ও ৯ বছরের নির্দিষ্ট সকল প্রশ্নের উত্তর দিতে পেরেছে। ১০ বছরের ৫ টি, ১১ বছরের ৩ টি প্রশ্নের উত্তর দিতে পেরেছে। ১২ ও ১৩ বছরের নির্ধারিত প্রশ্নের একটি ও উত্তর দিতে পারে নি।

(ক) বুদ্ধি বলতে কি বুঝ?

(খ) বুদ্ধ্যংক কি?

(গ) লাবিবের বুদ্ধ্যাংক কত ব্যাখ্যা কর।

(ঘ) লাবিবের বুদ্ধি নির্ণয়ের পদ্ধতির সাথে দলগত বুদ্ধি অভীক্ষার পার্থক্য লিখ।

২. সুমন একজন বুদ্ধি প্রতিবন্ধী। দ্বিতীয় শ্রেণিতে পড়ার সময় দেখা যায় সে তার শ্রেণির পাঠ কার্যক্রম ঠিকমত সম্পাদন করতে পারত না। সে সামান্যই লিখতে ও পড়তে পারে। তার বাকশক্তি ও শারীরিক দক্ষতায় জড়তা আছে। সে নিজে নিজে তেমন কোন কাজ করতে পারে না।

(ক) বুদ্ধি প্রতিবন্ধি কী?

(খ) বুদ্ধি প্রতিবন্ধিতা কিভাবে চিহ্নিত করবে?

(গ) উদ্দীপকের আলোকে সুমন কোন শ্রেণীর বুদ্ধি প্রতিবন্ধি।

(ঘ) বুদ্ধি প্রতিবন্ধিতার কারণ উল্লেখ কর।

৩. আয়েশার ছোটবেলা থেকেই তার বাবা-মা তাকে বিজ্ঞান বিভাগে পড়াশুনা করতে বলে। যাতে সে একজন ডাক্তার হতে পারে। কিন্তু আয়েশা গণিত বিষয়ে একটু কাঁচা থাকায় সে বিজ্ঞান বিভাগে পড়তে ভয় পায়। সে বাবা মায়ের স্বপ্ন পূরণে ব্যর্থ হয়। তাছাড়া তাদের পরিবারে তার বাবা-মায়ের দ্বন্দ্ব কলহ লেগেই থাকে। ফলে আয়েশা বাবা-মায়ের কাছ থেকে স্বাভাবিক স্নেহ ভালবাসা, আদর যত্ন ইত্যাদি থেকে বঞ্চিত হয়। নানা প্রতিবন্ধকতার মধ্য দিয়ে আয়েশা পড়াশুনা শেষ করে। কিন্তু অনেক চেষ্টা করেও চাকরি না পাওয়ায় ধীরে ধীরে আয়েশা হতাশাগ্রস্থ হয়ে পড়ে।

(ক) মানসিক চাপ কি?

(খ) মানসিক চাপের বৈশিষ্ট্যগুলো কি কি?

(গ) আয়েশার মানসিক চাপমূলক পরিস্থিতি সৃষ্টিতে দায়ী পাঁচটি বিষয় চিহ্নিত কর।

(ঘ) হতাশা সৃষ্টিকারী বিভিন্ন উৎসগুলোর বর্ণনা দাও।

৪. জনাব সামাদ সাহেব একজন পরোপকারী ব্যক্তি। তিনি প্রতিবেশীদের সুখে-দুঃখে পাশে থাকেন। মানুষের কল্যাণে তিনি বিভিন্ন কার্যকর গ্রহণ করেন। তার ভাই মাহবুব সাহেব একজন প্রভাবশালী ব্যক্তি। তিনি অত্যন্ত জাকজমকপূর্ণ ও বিলাসী জীবনযাপন করতে পছন্দ করেন। তিনি সবকিছুকে টাকার মানদন্ডে বিচার করেন।

(ক) সামাজিক মূল্যবোধ কি?

(খ) মূল্যবোধের তিনটি বৈশিষ্ট্য লিখ।

(গ) সামাদ সাহেবের মূল্যবোধ গঠনে কোন মাধ্যমটি কার্যকর?

(ঘ) সামাদ সাহেব ও মাহবুব সাহেবের মূল্যবোধের মধ্যে তুলনামূলক আলোচনা কর।

৫. দৃশ্যকল্প-১ : সোমা চট্টগ্রামে একটি বেসরকারি প্রতিষ্ঠানে উচ্চ বেতনে চাকরি করে। সম্প্রতি সে একটি সরকারি চাকরি পায় কিন্তু তার কর্মস্থল সন্দীপ হওয়ায় সে চিন্হিত হয়ে পড়ে এবং যোগদান করবে কিনা এ নিয়ে দ্বন্দ্বে পড়ে যায়।

দৃশ্যকল্প-২ : রবিন অনেকদিন ধরে চাকরির বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করে কিন্তু কোথায় চাকরি না পাওয়ায় সে হতাশ হয়ে যায় এবং বলতে থাকে ঘুষ আর মামার জোড় ছাড়া চাকরি হয় না।

(ক) দ্বন্দ্ব বলতে কি বুঝ?

(খ) কর্মভার কিভাবে মানসিক চাপ সৃষ্টি করে।

(গ) উদ্দীপকে সোমার মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর।

(গ) রবিন তার মানসিক চাপ মোকাবেলায় যে আত্নরক্ষামূলক কৌশল ব্যবহার করেন তার বর্ণনা দাও এবং এ রকম আরও তিনটি কৌশল বর্ণনা কর।


চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম


দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২২

বিষয় ঃ জীববিজ্ঞান প্রথম পত্র (সৃজনশীল)

পূর্ণমান-৫০

১.




(ক) **Chargaff's rule কী?**

(খ) লাইসোজোমকে আত্মঘাতী থলিকা বলা হয় কেন?

(গ) উদ্দীপকে **'A'** এর অনুরূপ অণু সৃষ্টির প্রক্রিয়া বর্ণনা কর।

(ঘ) বৈশিষ্ট্য প্রকাশে উদ্দীপকে উল্লেখিত **'B'** এর গুরুত্ব বিশ্লেষণ কর।

২. সপুষ্পক উদ্ভিদের দেহকোষ ও জনন মাতৃকোষের বিভাজন প্রক্রিয়া ভিন্নতর।

(ক) কায়াজমা কী?

(খ) মেটাকাইনেসিস কী?

(গ) উদ্দীপকের প্রথম প্রকার কোষ বিভাজনের প্রথম চারটি ধাপের চিহ্নিত চিত্র অংকন কর।

(ঘ) উদ্দীপকে যে দু ধরণের কোষ বিভাজনের কথা বলা হয়েছে তাতে কোন পার্থক্য আছে কি? মতামত দাও।

৩. P ও Q অণুজীব। P দেখতে ব্যাঙাচির মত এবং DNA বিদ্যমান। Q অণুজীব এককোষী ও আদিকেন্দ্রিক।


(ক) **Central Dogma কী?**

(খ) ম্যালেরিয়া জীবাণুর দুটি পোষকের প্রয়োজনীয়তা কেন?

(গ) উদ্দীপকের আলোকে **'P'** এর চিত্রসহ গঠন লিখ।

(ঘ) উদ্দীপকের আলোকে কৃষিক্ষেত্রে **Q** এর ভূমিকা বিশ্লেষণ কর।

৪.







(ক) পুষ্প প্রতীক কী?

(খ) জবা ফুলের পুষ্প সংকেতের ব্যাখ্যা কর।

(গ) উপরোক্ত **'A'** চিত্রটি যে গোত্রের তার শনাক্তকারী বৈশিষ্ট্য লিখ।

(ঘ) উপরোক্ত চিত্র দুটির সংশ্লিষ্ট গোত্রের অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর।

৫. কৃষিবিজ্ঞানীরা একটি বিশেষ পদ্ধতিতে আলুর মুকুল থেকে অনেকগুলো চারা তৈরি করলেন। অন্য একটি প্রক্রিয়ায় $\beta$ ক্যারোটিন ও আয়রণ উৎপন্নকারী জিনসমৃদ্ধ ভুট্টার জাত আবিষ্কার করেন।

(ক) প্লাজমিড কি?

(খ) রেস্ট্রিকশন এনজাইম বলতে কি বুঝ?

(গ) কৃষিবিজ্ঞানীর ব্যবহৃত প্রথম পদ্ধতির কৌশল বর্ণনা কর।

(ঘ) কৃষি অর্থনীতিতে উদ্দীপকের দ্বিতীয় পদ্ধতির সম্ভাবনা মূল্যায়ণ কর।

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২২
বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৫০

১. ''X Bank Ltd' ঢাকার মতিঝিলে একটি প্রধান অফিস সহ সারাদেশে মোট ২০ টি অফিস নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। ব্যাংকটি আর্ন্তজাতিকভাবে স্বীকৃতিপ্রাপ্ত একটি মানদন্ডের ৩ টি স্তম্ভ মেনে চলে যেমন ন্যূনতম পরিশোধিত মূলধন ৪০০ কোটি টাকা রাখা, ঝুঁকিপূর্ণ সম্পদের বিপরীতে সঞ্চিতি রাখা ইত্যাদি। তাই ব্যাংকটি সফলভাবে পরিচালিত হচ্ছে এবং দেশে ও বিদেশে সমাদৃত হচ্ছে।

**(ক) বিহিত মুদ্রা কি?**

**(খ) বিধিবদ্ধ তারল্য আবশ্যকতা বলতে কি বুঝ?**

**(গ) উদ্দীপকের ব্যাংকটি সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরণের ব্যাংক? ব্যাখ্যা কর।**

**(ঘ) 'আর্ন্তজাতিক মানদন্ড মেনে চলায় ব্যাংকটি সমাদৃত হচ্ছে' - বিশ্লেষণ কর।**

২. প্রতিদিনের ব্যবসায়িক কার্যক্রমের কারণে দেশের ব্যাংকগুলোর একটির কাছে আরেকটির দেনা পাওনার সৃষ্টি হয়। কেন্দ্রীয় ব্যাংক এই ধরণের দেনা পাওনা নিষ্পত্তির জন্য একটি বিশেষ পদ্ধতি ব্যবহার করে। ব্যাংকিং ব্যবসায়কে গতিশীল ও শক্তিশালী করার জন্য এই পদ্ধতি অনেক গুরুত্বপূর্ণ।

**(ক) ব্যাংক হার কি?**

**(খ) কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংকার - ব্যাখ্যা কর?**

**(গ) উদ্দীপকে কোন পদ্ধতির কথা বলা হচ্ছে? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকের পদ্ধতি কিভাবে ব্যাংকিং ব্যবসায়কে গতিশীল ও শক্তিশালী করে? যুক্তিসহ আলোচনা কর।**

৩. জনাব হাসান একজন চাকরিজীবী। তার বাসার বিদ্যুৎ, গ্যাস এবং ইন্টারনেটের বিল তিনি কম্পিউটার ব্যবহার করে পরিশোধ করে দেন। গত কিছুদিন তিনি অফিসের কাজে অনেক ব্যস্ত থাকায় তার ছেলে সজীবকে বিল গুলো পরিশোধ করতে বলেন। সজীব মোবাইলের একটি বিশেষ অ্যাপ্লিকেশন (অ্যাপ) ব্যবহার করে মূহুর্তের মধ্যে বিলগুলো পরিশোধ করে দিল।

**(ক) ওয়ান স্টপ সার্ভিস কি?**

**(খ) "ইলেকট্রনিক ব্যাংকিং এর বড় সমস্যা হলো নিরাপত্তা" - ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে জনাব হাসান কিভাবে বিল পরিশোধ করেন? ব্যাখ্যা কর।**

**(ঘ) "দ্বিতীয় পদ্ধতিতে বিল পরিশোধ অপেক্ষাকৃত সহজ" - উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।**

৪. মিস নীলিমার ইপিজেড এ একটি কারখানা রয়েছে। তিনি উক্ত কারখানার জন্য ২০২১ সালের জানুয়ারিতে ডেলটা ইন্স্যুরেন্সের কাছে এক বছর মেয়াদি ২০ লক্ষ টাকার এবং ওমেগা ইন্স্যুরেন্সের কাছে ১০ লক্ষ টাকার বিমা করেন। বিমাপত্রে বৈদ্যুতিক গোলযোগের কারণে অগ্নিকান্ড হলে ক্ষতিপূরণ করা হবে বলে উল্লেখ করা হয়। এপ্রিল মাসে অগ্নিকান্ডে ১৫ লক্ষ টাকার ক্ষতি হলে তিনি উভয় বিমা কোম্পানি থেকে মোট ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি করেন।

**(ক) অনার্থিক ঝুঁকি কি?**

**(খ) বিমার গুরুত্ব বর্ণনা কর।**

**(গ) বিমাপত্রে বৈদ্যুতিক গোলযোগের কথা উল্লেখ করা বিমার কোন নীতি? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে মিস নীলিমার দাবি কি যৌক্তিক? তোমার মতামত দাও।**

৫. জনাব রাশা একজন নামকরা ফুটবলার। তিনি তার পাঁয়ের জন্য একটি এবং তার মোটরসাইকেলের জন্য আরেকটি বিমা করেছেন। দূর্ঘটনায় তার মাটরসাইকেলটি ক্ষতিগ্রস্থ হলে বিমা কোম্পানি থেকে ক্ষতিপূরণ আদায় করেন। মোটরসাইকেলের ভগ্নাবশেষ বিমা কোম্পানি নিয়ে যেতে চাইলে তিনি বিমা কোম্পানিকে এই বলে বাঁধা দেন যে মোটরসাইকেলের সাথে তার অনেক স্মৃতি জড়িত রয়েছে।

**(ক) বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক কে?**

**(খ) নিয়ন্ত্রণ অযোগ্য ঝুঁকি বলতে কি বুঝ?**

**(গ) উদ্দীপকে জনাব রাশা পাঁয়ের জন্য কোন বিমা করেছে? ব্যাখ্যা কর।**

**(ঘ) জনাব রাশা কি মোটরসাইকেলের ভগ্নাবশেষ রাখতে পারবে? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও।**